মেহেরপুরে বিচার বিভাগীয় কর্মচারীদের কর্মবিরতি

স্বতন্ত্র সচিবালয় প্রতিষ্ঠা, সমান সুযোগ-সুবিধা প্রদান এবং ন্যায্য পে-স্কেল নিশ্চিতকরণসহ একাধিক দাবিতে সারাদেশের মতো মেহেরপুরেও দুই ঘণ্টার কর্মবিরতি পালন করেছেন বিচার বিভাগীয় কর্মচারীরা।

সোমবার (৫ মে) সকাল ৯টা ৩০ মিনিট থেকে সাড়ে ১১টা পর্যন্ত জেলা ও দায়রা জজ আদালত প্রাঙ্গণে বাংলাদেশ বিচার বিভাগীয় কর্মচারী অ্যাসোসিয়েশন, মেহেরপুর জেলা শাখার আয়োজনে এই কর্মসূচি পালিত হয়।

কর্মবিরতি চলাকালে বক্তারা বলেন, ২০০৭ সালের ১ নভেম্বর ‘মাসদার হোসেন’ মামলার রায়ের প্রেক্ষিতে নির্বাহী বিভাগ থেকে বিচার বিভাগ পৃথক হলেও আজও বিচার বিভাগের জন্য স্বতন্ত্র সচিবালয় প্রতিষ্ঠা করা হয়নি। ফলে বিচার বিভাগের স্বাধীনতা পূর্ণরূপে বাস্তবায়িত হয়নি।

তাদের অভিযোগ, শুধুমাত্র বিচারকদের জন্য পৃথক পে-স্কেল, বিচারিক ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধা প্রদান করা হলেও সহায়ক কর্মকর্তা- কর্মচারীদের সেই সুবিধা থেকে বঞ্চিত রাখা হয়েছে। এছাড়াও, পদোন্নতির সুযোগ সীমিত হওয়ায় অনেকেই দীর্ঘদিন একই পদে থেকে অবসরে যেতে বাধ্য হচ্ছেন।

তারা আরও বলেন, বর্তমানে জেলা ও দায়রা জজ (১ম গ্রেড) জেলা পর্যায়ে সর্বোচ্চ পদমর্যাদার বিচারিক কর্মকর্তা হলেও অধস্তন কর্মচারীদের বেশিরভাগই ১৩ থেকে ২০তম গ্রেডে চাকরি করছেন। অন্যান্য দপ্তরের তুলনায় তাদের পদোন্নতির সুযোগ কম এবং ব্লক পদের সংখ্যা বেশি হওয়ায় কর্মজীবনে উন্নতির সুযোগ মেলে না।

কর্মসূচির নেতৃত্ব দেন বাংলাদেশ বিচার বিভাগীয় কর্মচারী অ্যাসোসিয়েশন, মেহেরপুর জেলা শাখার সভাপতি ও চীফ জুডিশিয়াল স্টেনোগ্রাফার শেখ মোহাম্মদ আহসানুল হক।

এসময় উপস্থিত ছিলেন সংগঠনের সাধারণ সম্পাদক মাসুদ রানা, জাকির হোসেন, সফিকুল ইসলাম (প্রধান তুলনাকারক, চীফ জুডিশিয়াল

ম্যাজিস্ট্রেট আদালত), অফিস সহায়ক বেদেনা বাবলী, প্রধান তুলনাকারী সহকারী আমিনুল ইসলাম এবং আব্দুল মুত্তালিবসহ অন্যান্য নেতৃবৃন্দ।

মেহেরপুরের আমঝুপিতে গ্লোবাল অ্যাকশন উইক উদযাপন

গ্লোবাল অ্যাকশন উইক ২০২৫ উদযাপন উপলক্ষে রবিবার সকাল ১০টায় আমঝুপির মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এর হলরুমে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। মানব উন্নয়ন কেন্দ্র (মউক) ও গণসাক্ষরতা অভিযান যৌথভাবে এই সভার আয়োজন করে।

মউকের নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিমের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন সহকারী কমিশনার (শিক্ষা ও কল্যাণ শাখা) শেখ তৌহিদুল কবীর। বিশেষ অতিথি ছিলেন জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মো. মনরুল ইসলাম এবং উপজেলা শিক্ষা অফিসার মো. ফারুক উদ্দিন।

আলোচনা সভায় আরও বক্তব্য রাখেন ওয়াচ গ্রুপের সভাপতি ইসমাইল হোসেন, হাজী আজগর আলী মাস্টার, সমাজসেবক আব্দুর রহমান এবং ইউপি সদস্য জেসমিন আরা। কী-নোট পেপার পাঠ করেন প্রোগ্রাম ম্যানেজার মোছা. কাজল রেখা।

আলোচনায় বিদ্যালয় সংকটকালে শিক্ষাকে এগিয়ে নিতে জীবনব্যাপী শিক্ষার বার্তা জোরদারকরণ, বিদ্যালয়ের সুরক্ষায় শিক্ষকদের সহায়তা ও অ্যাডভোকেসি করা এবং শিক্ষা খাতে সরাসরি শিক্ষার্থীদের শেখার কাজে অর্থ বিনিয়োগের প্রয়োজনীয়তার ওপর গুরুত্ব দেওয়া হয়।

সভা শুরুর আগে একটি বর্ণাঢ্য র্যালি আমঝুপির বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে। অনুষ্ঠানটি উপস্থাপনা করেন মানবাধিকার কর্মী সাদ আহম্মদ।

[redacted]

[redacted]

মেহেরপুরে তারেক রহমানের ৩১ দফা সংস্কার বিষয়ক মতবিনিময় সভা

বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) এর ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ঘোষিত ৩১ দফা সংস্কার কর্মসূচি নিয়ে মেহেরপুর জেলা সামাজিক সাংস্কৃতিক সংস্থা জাসাসের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার রাত আটটার সময় মেহেরপুর শহরের কোর্ট মোড় এলাকায় এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয় মতবিনিময় সভায় মেহেরপুর জেলা জাতীয়তাবাদী সামাজিক সাংস্কৃতিক সংস্থা (জাসাস)-এর আহ্বায়ক মাহফুজুর রহমান অশেষের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন’ জাসাস কেন্দ্রীয় কমিটির সদস্য সচিব জাকির হোসেন রোকন।

মেহেরপুর জেলা জাসাসের সদস্য সচিব এ বাকাবিল্লাহ সঞ্চালনায় অনুষ্ঠানে এ সময় আরো উপস্থিত ছিলেন, সদর উপজেলা সভাপতি রবিউল ইসলাম ফারুক, মুজিবনগর উপজেলা সভাপতি জুলফিকার খান হেলাল, গাংনী পৌর সভাপতি সৌরভ হোসেন, মেহেরপুর পৌর জাসাসের সভাপতি তৌফিকুর রহমান রানা, সাধারণ সম্পাদক মুকিদ হোসেন, সাংগঠনিক সম্পাদক মোকছেদ আলীসহ জাসাসের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

সভায় বক্তারা তারেক রহমানের সংস্কারমূলক উদ্যোগের গুরুত্ব তুলে ধরে জনসম্পৃক্ততা বৃদ্ধির ওপর গুরুত্বারোপ করেন।

মেহেরপুরে কাথুলী ব্লাড ফাউন্ডেশনের দুই বছর পূর্তি উৎসব অনুষ্ঠিত

“জীবন বাঁচাই রক্ত দিয়ে, মানবতা যাক এগিয়ে” এই স্লোগানে মেহেরপুরের কাথুলী ব্লাড ফাউন্ডেশনের দুই বছর পূর্তি উৎসব-২০২৫

উদযাপন করা হয়েছে।

আজ শনিবার সকাল ১০ টার সময় মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমিতে এ উৎসবের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কাথুলী ব্লাড ফাউন্ডেশনের সভাপতি মোহাম্মদ বাসারুল ইসলাম। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, আর এম টি ওয়েলফেয়ার সোসাইটি মেহেরপুর জেলা শাখার সভাপতি মোহাম্মদ আব্বাস উদ্দিন। বিশেষ অতিথি হিসেবে ছিলেন, সংগঠনের সাধারণ সম্পাদক জিয়াউর রহমান।

এছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কাথুলী ব্লাড ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা পরিচালক মোহাম্মদ নাসিব আহমেদ। সঞ্চালনার দায়িত্ব পালন করেন মফিজুল ইসলাম ও মোছাম্মদ ফারজানা দীপা।

অনুষ্ঠানে বিভিন্ন পর্যায়ের স্বেচ্ছাসেবকদের পুরস্কার প্রদান করা হয়।

বাংলাদেশ জেলা ও বিভাগীয় ক্রীড়া সংগঠক অ্যাসোসিয়েশনের যুগ্ম আহ্বায়ক হলেন মারুফ আহমেদ বিজন

বিএনপি-সমর্থিত ক্রীড়া সংগঠকদের সমন্বয়ে গঠিত নতুন ক্রীড়া সংগঠন ‘বাংলাদেশ জেলা ও বিভাগীয় ক্রীড়া সংগঠক অ্যাসোসিয়েশন’-এর অ্যাডহক কমিটির যুগ্ম আহ্বায়ক নির্বাচিত হয়েছেন মেহেরপুর জেলা ক্রীড়া সংস্থার সাবেক সাধারণ সম্পাদক ও সদর উপজেলা বিএনপির সাবেক সভাপতি অ্যাডভোকেট মারুফ আহমেদ বিজন।

শনিবার (৩ মে) ৪৪ সদস্যবিশিষ্ট অ্যাডহক কমিটি গঠন করা হয়। এ উপলক্ষে জাতীয় ক্রীড়া পরিষদের অডিটোরিয়ামে অ্যাসোসিয়েশনের আত্মপ্রকাশ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিএনপির জাতীয় স্থায়ী কমিটির সদস্য ও সাবেক তারকা ফুটবলার মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমেদ বীর বিক্রম। সভাপতিত্ব করেন বাংলাদেশ জাতীয় ফুটবল দলের সাবেক অধিনায়ক মো. আমিনুল হক।

ক্রীড়া সংগঠক অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে গণমাধ্যমে পাঠানো এক বার্তায় জানানো হয়, দেশের ক্রীড়াঙ্গনকে বাঁচাতে তারেক রহমানের নির্দেশে বিভিন্ন টুর্নামেন্টের আয়োজন করছে বাংলাদেশ জাতীয়তাবাদী দল।

এই উদ্দেশ্যেই জেলা ও বিভাগীয় ক্রীড়া সংগঠক অ্যাসোসিয়েশনের আত্মপ্রকাশ ঘটেছে। বিএনপি ক্ষমতায় এলে দেশের প্রতিটি শিক্ষাপ্রতিষ্ঠানে প্রশিক্ষিত কোচ নিয়োগ এবং সরকারি ব্যবস্থাপনায় ক্রীড়া কর্মসংস্থান গড়ে তোলা হবে।

বার্তায় আরও বলা হয়, আগামী এক মাসের মধ্যে অ্যাসোসিয়েশনের বিভাগীয় কমিটি গঠন করা হবে এবং পর্যায়ক্রমে জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে কমিটি গঠন করে ক্রীড়া উন্নয়নে কাজ করবে সংগঠনটি। সকলে মিলে তারেক রহমানের স্বপ্ন বাস্তবায়নের লক্ষ্যেই এগিয়ে যাবে অ্যাসোসিয়েশন।

পিআইডি প্রতিনিধি দলের মেহেরপুর প্রতিদিন কার্যালয় পরিদর্শন

১ মে, বৃহস্পতিবার তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের প্রেস ইনফরমেশন ডিপার্টমেন্ট (পিআইডি) এর উপপ্রধান তথ্য অফিসার (পরিচালক) হাসিনা আক্তারের নেতৃত্বে চার সদস্যের একটি প্রতিনিধি দল মেহেরপুর প্রতিদিন অনলাইন ও পত্রিকা কার্যালয় পরিদর্শন করেন।

পরিদর্শনকালে তিনি মেহেরপুর প্রতিদিন এর অনলাইন বিভাগ ও পত্রিকার কার্যক্রম দেখে ভূয়সী প্রশংসা করেন।

প্রতিনিধি দলে আরও উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা তথ্য কর্মকর্তা আব্দুল্লাহ আল মামুন, পিআইডির তথ্য সহকারী মাহমুদা খানম এবং লাইব্রেরিয়ান ইউসুফ আলম।

প্রতিনিধিদল কার্যালয়ে পৌঁছালে মেহেরপুর প্রতিদিন এর সম্পাদক ইয়াদুল মোমিন, ব্যবস্থাপনা সম্পাদক মাহাবুব চান্দু, বার্তা সম্পাদক জুলফিকার আলী কানন এবং আইটি ইনচার্জ মুন্সী জাহাঙ্গীর জিন্নাত হিরক তাঁদের আন্তরিকভাবে স্বাগত জানান।

পরবর্তীতে প্রতিনিধি দলটি মেহেরপুর প্রতিদিন এর নিউজরুম, স্টুডিওসহ পুরো অফিসের কার্যক্রম ঘুরে দেখেন।

মেহেরপুরে অ্যালামনাই অ্যাসোসিয়েশনের জেলা কমিটি গঠন

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক শিক্ষার্থীদের নিয়ে অ্যালামনাই অ্যাসোসিয়েশন, মেহেরপুর এর পূর্ণাঙ্গ কমিটি গঠন করা হয়েছে। গাংনীর ধানসিঁড়ি রিসোর্ট অ্যান্ড রেস্টুরেন্টে অনুষ্ঠিত সংগঠনের বার্ষিক সাধারণ সভায় সর্বসম্মতিক্রমে এ কমিটি গঠন করা হয়।

মুজিবনগর সরকারি কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ ইসমাইল হোসেনকে কমিটির সভাপতি হিসেবে নির্বাচিত করা হয়েছে।

সিনিয়র সহ-সভাপতি হিসেবে নির্বাচিত হন মেহেরপুর সরকারি কলেজের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ফুয়াদ খান ও নজরুল ইসলাম, সাধারণ সম্পাদক হিসেবে নির্বাচিত হন জেলা তথ্য অফিসার আব্দুল্লাহ আল মামুন।

এছাড়াও যুগ্ম সাধারণ সম্পাদক পদে মোঃ সাইফুল ইসলাম ও জি এম জাহাঙ্গীর আলম, কোষাধ্যক্ষ পদে নুরুজ্জামান আল নাহিয়ান, সাংগঠনিক সম্পাদক (গাংনী) মোঃ হোসেন আলী, সাংগঠনিক সম্পাদক (মুজিবনগর) মোঃ হাসনাইন জাহিদ, সাংগঠনিক সম্পাদক (সদর) মোঃ

কাজী আবুল মনসুর, দপ্তর সম্পাদক মোঃ আনিছুর রহমান, শিক্ষা ও মানবসম্পদ উন্নয়ন সম্পাদক মোঃ আশরাফুল ইসলাম, ধর্ম ও সমাজকল্যাণ বিষয়ক সম্পাদক – মোঃ আহাদ আলী, ক্রীড়া, সাহিত্য ও সংস্কৃতি বিষয়ক সম্পাদক মোঃ আনোয়ারুল ইসলাম, নারী বিষয়ক সম্পাদক সানজিদা ফেরদৌস, তথ্য ও যোগাযোগপ্রযুক্তি বিষয়ক সম্পাদক মোঃ বজলুল হুদাকে নির্বাচিত করা হয়।

কার্যনির্বাহী সদস্য হিসেবে নির্বাচিত হয়েছেন মোঃ আইয়ুব হোসেন রানা, মোঃ ওয়ালী উল্লাহ, মোঃ জুলফিকার আলী, মোঃ মাহমুদ হোসেন ও কুমকুম হাবিব।

মেহেরপুর জেলার ছেলের সেরা অর্জন, প্রধান উপদেষ্টার কাছে পেলেন পুরস্কার

মেহেরপুরের গাংনী উপজেলার হাড়িয়াদহ গ্রামের কৃতি সন্তান সাংবাদিক ইয়াসির আরাফাত আবারও বাংলাদেশের সেরা সাংবাদিক নির্বাচিত হয়েছেন।

মহান মে দিবসে প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস এর কাছ থেকে সেরা পুরস্কার অর্জন করলেন তিনি।

শ্রম অধিকার নিয়ে প্রতিবেদন লিখে সাংবাদিক ইয়াসির আরাফাত শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় আয়োজিত বেস্ট রিপোর্টিং অ্যাওয়ার্ডে ভূষিত হন। ইয়াসির আরাফাত রিপন জাগো নিউজের জ্যেষ্ঠ প্রতিবেদক হিসেবে কর্মরত।

গতকাল বৃহস্পতিবার রাজধানীর চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে আয়োজিত এক অনুষ্ঠানের মাধ্যমে মেহেরপুর জেলার এই কৃতি সাংবাদিকের হাতে পুরস্কার তুলে দেন প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস।

‘মহান মে দিবস ও জাতীয় পেশাগত স্বাস্থ্য ও সেইফটি দিবস ২০২৫’ উদযাপন উপলক্ষে এই পুরস্কার দেওয়ার উদ্যোগ নেয় শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন কলকারখানা ও প্রতিষ্ঠান

পরিদর্শন অধিদপ্তর।

দেশে পোশাক কারখানার পরিবেশ নিয়ে প্রতিবেদন করে পুরস্কার পেয়েছেন ইয়াসির আরাফাত রিপন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের উপদেষ্টা ব্রিগেডিয়ার জেনারেল (অব.) ড. এম শাখাওয়াত হোসেন। সভাপতিত্ব করেন শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিব এ এইচ এম শফিকুজ্জামান।

মেহেরপুর জেলার সন্তান ও জাগো নিউজের জ্যেষ্ঠ প্রতিবেদক ইয়াসির আরাফাত রিপন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের দর্শন বিভাগ থেকে স্নাতক ও স্নাতকোত্তর সম্পন্ন করেছেন। দীর্ঘদিন ধরে তিনি অর্থনৈতিক বিটে কাজ করছেন। সাংগঠনিকভাবে তিনি ঢাকা রিপোর্টার্স ইউনিটি (ডিআরইউ), ঢাকা সাংবাদিক ইউনিয়ন (ডিইউজে) এবং বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়নের (বিএফইউজে) স্থায়ী সদস্য।

শ্রমিক অধিকার সংক্রান্ত ছবি তুলে সেরা চিত্রগ্রাহকের পুরস্কার পেয়েছেন জাগো নিউজের নিজস্ব ফটো সাংবাদিক মাহবুব আলম। ওয়াসার ড্রেন পরিষ্কার করার শ্রমিকদের ছবি তুলে পুরস্কার পেয়েছেন তিনি।

মেহেরপুরে মহান মে দিবসে বিএনপি’র মিছিল

মহান মে দিবস উপলক্ষে “শ্রমজীবী মানুষের ঐক্যে, আমরা এগিয়ে যাব লক্ষ্যে” এই প্রতিপাদ্যকে সামনে রেখে বর্ণাঢ্য মিছিল করেছে মেহেরপুর জেলা বিএনপি। বৃহস্পতিবার (১ মে) বিকেলে মেহেরপুর জেলা বিএনপি’র আয়োজনে এই মিছিল অনুষ্ঠিত হয়।

মেহেরপুর-১ আসনের সাবেক সংসদ সদস্য মাসুদ অরুনের নেতৃত্বে সড়ক বিভাগ অফিসের সামনে থেকে মিছিলটি শুরু হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে কাথুলি বাসস্ট্যান্ডে গিয়ে শেষ হয়।
মিছিল জুড়ে দলের নেতাকর্মীরা মে দিবসের তাৎপর্য এবং অধিকার প্রতিষ্ঠার দাবিতে স্লোগান দেন।

মাসুদ অরুন বলেন, শ্রমজীবী মানুষ, খেটে খাওয়া মানুষ নারী পুরুষ ঐক্যবদ্ধ ভাবে এই রাষ্ট্রকে সোনার রাষ্ট্রে পরিণত করতে হবে। দেশনেত্রী বেগম খালেদা জিয়ার নেতৃত্বে, ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের নেতৃত্বে ৩১দফা বাস্তবায়নের মধ্য দিয়ে শ্রমজীবী মানুষের কল্যাণকর আধুনিক রাষ্ট্র আমরা তৈরি করতে চাই।

মিছিলে আরও উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা বিএনপি’র যুগ্ম সম্পাদক জাহাঙ্গীর বিশ্বাস, জেলা শ্রমিক দলের সভাপতি আহসান হাবিব সোনা, জেলা কৃষক দলের আহ্বায়ক মাহবুবুর রহমান, জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ, জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাভেদ সেনজি সহ বিএনপি’র বিভিন্ন অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতৃবৃন্দ।